# ধামরাই পৌরসভা কার্যালয়

ধামরাই, ঢাকা।

স্মারক নং- ধাপৌ/তাঃভূঃ-৩৮/২০০৩/২০২৫-২০২৬/২৮৫ তারিখ ঃ ১৩/০৭/২০২৫ ইং

## "ক" অংশ

## নুতন ঠিকাদার তালিকাভূক্তি/তালিকাভূক্ত ঠিকাদার এর নবায়ন বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধামরাই পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য প্রকৃত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান/আগ্রহী ব্যক্তির নিকট হতে ঠিকাদার তালিকাভূক্তি/নবায়নের জন্য অত্র পৌরসভার নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। নতুন তালিকাভূক্তির ফরম পৌর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে ৫০০/- (পাঁচশত) টাকা নগদ মূল্যের (অফেরতযোগ্য) বিনিময়ে বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে আগামী ৩১/০৮/২০২৫ ইং তারিখ পর্যন্ত আবেদন পত্র ক্রয় ও দরখাস্ত সমূহ জমা প্রদান করা যাবে। যে সকল তালিকাভূক্ত ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান ২০২৫-২০২৬ অর্থ বছরে তাদের তালিকাভূক্তি নবায়ন করতে ইচ্ছুক তাদেরকে বর্ণিত সময়ের মধ্যে পৌরসভার নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, যে সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়ের মধ্যে তালিকাভূক্ত/নবায়ন করতে ব্যর্থ হবেন তাদেরকে জরিমানাসহ পরবর্তীতে নির্ধারিত জরিমানা হারে তালিকাভূক্তি/নবায়ন করতে পারবেন। বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত বিধায় যাবতীয় তথ্য অফিস চলাকালীন সময়ে প্রকৌশল বিভাগ হতে জানা যাবে।

## (খ) নতুন তালিকাভূক্তির ক্ষেত্রে নিম্নলিখিত কাগজ-পত্র দাখিল করতে হবে ঃ

১. জাতীয় পরিচয় পত্র/নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।

২. বাংলাদেশের যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে সাধারণ শ্রেণীর ক্ষেত্রে ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩০ জুন পর্যন্ত ০৫ (পাঁচ) লক্ষ টাকা গচ্ছিত ছিল মর্মে সনদ (ব্যাংক ষ্টেটমেন্ট)/ব্যাংক সলভেন্সি সনদ।

৩. হালনাগাদ আয়কর সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি।

৪. ভ্যাট রেজিষ্ট্রেশনের সত্যায়িত অনুলিপি।

৫. অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬. সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

৭. পৌরসভার মেয়র/প্রশাসক, কাউন্সিলর, কর্মকর্তা/কর্মচারী তার ব্যবসায়ে অংশীদার নেই মর্মে হলফনামার ১ম শ্রেণীর ম্যাজিষ্টেট কর্তৃক সত্যায়িত কপি।

৮. ২০২৫-২০২৬ অর্থ বছরের ব্যবসা সনদের সত্যায়িত অনুলিপি।

৯. সাধারণ শ্রেণীর জন্য আবেদনের ক্ষেত্রে কার্যসম্পাদনের প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতির বিবরণ (যে কোন প্রকৌশল দপ্তর হতে প্রদানকৃত) ও সাইট সুপারভিশনের লোকবলের বিবরণ।

## (গ) নবায়নের ক্ষেত্রে ঃ

১. ২০২৫-২০২৬ অর্থবছরের ব্যবসা সনদের সত্যায়িত অনুলিপি ।
২. হালনাগাদ আয়কর পরিশোধের সত্যায়িত অনুলিপি।
৩. বিগত অর্থ বছরে এ পৌরসভার অনুকূলে তালিকাভূক্ত স্বপক্ষে প্রমাণপত্রের অনুলিপি।
৪.ভ্যাট রেজিষ্ট্রেশনের সত্যায়িত অনুলিপি।

**নিম্নলিখিত হারে ও সময়ের মধ্যে নতুন তালিকাভূক্তি/নবায়নের ফিস জমা প্রদান করতে হবেঃ**

| শ্রেণী (সাধারণ) | নতুন তালিকাভূক্তি ফিস | তালিকাভূক্তি নবায়ন ফিস | মন্তব্য |
|---|---|---|---|
| ফিস | ৬০০০/= | ৩০০০/= | |
| বহির মূল্য | ৫০০/= | | |
| ভ্যাট | ৯৭৫/= | ৪৫০/= | |

উল্লেখ্য, আগামী ৩১/০৮/২০২৫ ইং তারিখ পর্যন্ত জরিমানাবিহীন নবায়ন/তালিকাভূক্ত ফিস জমা প্রদান করা যাবে। উক্ত সময়ের পর আগামী ৩১/১০/২০২৫ ইং তারিখ পর্যন্ত ২৫% হারে, ৩১/১২/২০২৫ ইং তারিখ পর্যন্ত ৫০% হারে, ৩১/০১/২০২৬ ইং তারিখ পর্যন্ত ৭৫% হারে এবং ৩০/০৬/২০২৬ ইং তারিখ পর্যন্ত ১০০% হারে জরিমানাসহ তালিকাভূক্তি/নবায়ন করা যাবে। উল্লেখ্য যে, উক্ত সময়ের পর যারা নবায়ন করতে ব্যর্থ হবেন, তারা প্রতি বছরের জন্য ১০০% হারে ফি জমা প্রদান সাপেক্ষে নবায়ন করা যাবে।

নতুন তালিকাভূক্তি ক্ষেত্রে আবেদনকারীর আবেদন পত্র যাচাই-বাছাই পূর্বক বিবেচিত হওয়ার পর পৌরসভার নোটিশ বোর্ডে অনুমোদিত ঠিকাদারের নাম সম্বলিত একটি তালিকা প্রকাশ করা হবে এবং ফিস জমা প্রদানের নির্ধারিত সময় জানানো হবে।

- ❖ নির্ধারিত আবেদন পত্রে প্রয়োজনীয় তথ্যাদি ও সনদ সন্নিবেশিত না করা হলে অথবা ভুল/অসত্য তথ্যাদি প্রদান করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে।
- ❖ পৌরসভার মেয়র/প্রশাসক, কাউন্সিলর, কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর সাথে অসৌজন্যমূলক আচরণের জন্য যে কোন সময় ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানকে তালিকাভূক্তি বাতিল অথবা কালো তালিকাভূক্ত করা হবে।
- ❖ কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন অথবা সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

প্রশাসক
ধামরাই পৌরসভা, ঢাকা।

স্মারক নং- ধাপৌ/তাঃভূঃ-৩৮/২০০৩/২০২৫-২০২৬ / ২৮৫

তারিখ প্রশাসক ধামরাই পৌরসভা, ঢাকা। ইং

D:\qutetion & others\Cont. License new.doc

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, ঢাকা।

৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা।

স্মারক নং- ধাপৌ/তাঃভূঃ-৩৮/২০০৩/২০২৫-২০২৬/২৮৫ তারিখ ঃ ২৮।০৭।২৫ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রচারের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মেয়র/প্রশাসক, সাভার পৌরসভা, ঢাকা, দোহার পৌরসভা, ঢাকা, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ, সিংগাইর পৌরসভা, মানিকগঞ্জ।

২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।

৩। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা।

৪। সহকারী কমিশনার (ভূমি), ধামরাই, ঢাকা।

৫। উপজেলা প্রকৌশলী, ধামরাই, ঢাকা।

৬। জনাব/বেগম..................................................................কাউন্সিলর,..........নং ওয়ার্ড, ধামরাই পৌরসভা, ঢাকা।

৭। সভাপতি/সাধারণ সম্পাদক, ঠিকাদার সমিতি, ধামরাই, ঢাকা।

৮। ঠিকাদার (সকল) ধামরাই পৌরসভা, ঢাকা।

৯। নোটিশ বোর্ড (ধামরাই পৌরসভা, ঢাকা)

১০। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ঝলক..................................................................., ঢাকা উপর্যুক্ত বিজ্ঞাপনটির "ক" অংশ (নিম্নস্বাক্ষরকারীর নাম ও পদবীসহ) তাঁর বহুল প্রচারিত স্থানীয় পত্রিকায় মাঝের পাতায় ৩ কলাম × ৪" ইঞ্চি আকারে আগামী ........................... তারিখের পূর্বেই প্রকাশপূর্বক দু'কপি সৌজন্য কপিসহ বিল প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১১। সংশ্লিষ্ট নথি।

প্রশাসক
ধামরাই পৌরসভা, ঢাকা।

প্রশাসক
ধামরাই পৌরসভা, ঢাকা।

D:\qutetion & others\Cont. License new.doc